

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
[কর প্রশাসন-০৪, শাখা]  
www.nbr.gov.bd

স্মারক নংঃ- ০৮.০১.০০০০.০২২.০১.০০২.২১/৩৭

তারিখঃ ২১ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ  
৫ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

জাতীয় রাজস্ব বোর্ড এর প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন আয়কর বিভাগের মাঠ অফিসের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের-কে বিভিন্ন সময়ে মন্ত্রণালয়/বিভাগ/জাতীয় রাজস্ব বোর্ড/কর অঞ্চল/দপ্তর/পরিদপ্তরে সংযুক্তিতে পদায়ন করা হয়েছে। এর ফলে সৃষ্ট প্রশাসনিক জটিলতা নিরসনের লক্ষ্যে পরিকল্পনা মন্ত্রণালয়/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/জাতীয় রাজস্ব বোর্ডে সংযুক্তিতে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী এবং কর অঞ্চলে সংযুক্তিতে কর্মরত গাড়ি চালক ব্যতীত জাতীয় রাজস্ব বোর্ড হতে এ যাবৎ জারিকৃত অন্যান্য সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের সংযুক্তিতে পদায়ন আদেশ নির্দেশক্রমে এতদ্বারা বাতিল করা হলো।

০২। সংশ্লিষ্ট কর্মচারীগণ আগামী ২৯ জুলাই/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে তাদের মূল কর্মস্থলে যোগদান করবেন। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাঃ

(মোসাঃ সেলিনা খাতুন)

দ্বিতীয় সচিব (কর প্রশাসন-৪) (ছুটি প্রতিকল্প)

স্মারক নংঃ- ০৮.০১.০০০০.০২২.০১.০০২.২১/৩৭ (৩)

তারিখঃ ২১ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ  
৫ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সদস্য, গ্রেড-১ (কর নীতি), সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/কর আপীল ও অব্যাহতি/তথ্য ব্যবস্থাপনা ও সেবা/লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট/ইন্টারন্যাশনাল ট্যাক্সেস/অডিট, ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন/কর জরীপ ও পরিদর্শন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। কর কমিশনার/মহাপরিচালক (সকল), আয়কর বিভাগ।
- ৩। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। প্রথম সচিব (কর পরিবীক্ষণ ও প্রশিক্ষণ) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ৫। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (কর প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রথম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রথম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
(মোসাঃ সেলিনা খাতুন)

দ্বিতীয় সচিব (কর প্রশাসন-৪) (ছুটি প্রতিকল্প)